


বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।

জুলাই ২০২০ হতে সেপ্টেম্বর ২০২০ সময়কালের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি	ঃ	জনাব মোঃ মোশাররাফ হোসেন, মহাব্যবস্থাপক (অতিঃ দায়িত্বে) (সভাপতি, বিভাগীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি)
তারিখ ও সময়	ঃ	২৯-০৯-২০২০ খ্রীঃ সময় বিকালঃ ৪.৩০ঃ
স্থান	ঃ	মহাব্যবস্থাপক এর অফিস কক্ষ।
উপস্থিতি	ঃ	পরিশিষ্ট-ক'

- ০১। সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি তার বক্তব্যে অত্র ব্যাংকের “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কার্যক্রমে সম্পর্কে আলোকপাত করেন এবং সে অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি আরো বলেন আর্থিক স্বচ্ছতা সুশাসন প্রতিষ্ঠার একটি বড় মাধ্যম, সে কারনেই প্রতিষ্ঠানের সর্বক্ষেত্রে আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহীতার কোন বিকল্প নেই। সরকার সকল প্রতিষ্ঠানে শুদ্ধাচার প্রতিষ্ঠার উপর গুরুত্ব আরোপ করেছেন। অত্র ব্যাংকের অত্র বিভাগেও যাতে শুদ্ধাচার চর্চা অব্যাহত থাকে তার জন্য উপস্থিত সকলকে পরামর্শ দেন।
- ০২। সভাপতি “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১” এর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোকপাত করেন এবং চলমান প্রান্তিকে লক্ষ্যমাত্রাসমূহ পূরণের জন্য বিশেষ দিক নির্দেশনা প্রদান করেন। শাখা/কার্যালয়ের সুশাসন, নিয়মানুবর্তিতা, প্রতিষ্ঠানের বিধি বিধান পরিপালন, অফিস শৃঙ্খলা, সততা ইত্যাদি বিষয়ে সভাপতি বিস্তারিত আলোচনা করেন।
- ০৩। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ
- ক) প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক বিভাগীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির ত্রৈমাসিক ভিত্তিক সভা আয়োজন করে নিয়মিতভাবে সভার কার্যবিবরণী এবং ত্রৈমাসিক ভিত্তিক “মাঠ পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা-২০২০-২০২১ এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন” ও প্রতিবেদনে প্রদর্শিত কার্যক্রমের প্রমানকসহ শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরন করতে হবে। (কার্যকরনে- ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিভাগীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি, ফরিদপুর)। ইতোমধ্যে গত ২০.০৯.২০২০ তারিখে শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রনয়ন এবং ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন প্রস্তুত এবং ওয়েব সাইটে এই প্রতিবেদন আপলোড করার বিষয়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রশিক্ষন দেয়া হয়েছে (ওয়েবসাইটে আপলোড করবেন জনাব এস এম শাহনেওয়াজ, সহকারী প্রকৌশলী)।
- খ) ব্যাংকের নিয়মনীতি সততার সাথে মেনে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের অর্থই হলো শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং নৈতিকতার স্বার্থকতা যা সকল কর্মকর্তা/কর্মচারীকে অনুসরণ করতে হবে।
- গ) মানিলভারিং প্রতিরোধ কার্যক্রম মেনে চলতে হবে। এ লক্ষ্যে মুখ্য আঞ্চলিক কার্যালয়গুলো সিটিআর ও এসটিআর প্রতিবেদন যথাসময়ে সঠিকভাবে প্রধান কার্যালয়ের বুকি ব্যবস্থাপনা বিভাগে প্রেরন নিশ্চিত করছে কি-না তা তদারকীতে রাখতে হবে। সামাজিক নিরাপত্তা কর্মসূচীর ত্রৈমাসিক অর্জনের পরিসংখ্যান হালনাগাদ রাখতে হবে (কার্যকরণে-জনাব মোঃ কামরুল হাসান, কর্মকর্তা)।
- ঘ) গ্রাহক সেবার মান উন্নয়ন করতে হবে এবং সকল কাজের জবাবদিহিতা থাকতে হবে।
- ঙ) জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন অগ্রগতি বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরেজমিনে পর্যবেক্ষন করা হয় বিধায় শাখা/কার্যালয় সমূহকে এ বিষয়ে সতর্ক করতে হবে (কার্যকরণে- ফোকাল পয়েন্ট কর্মকর্তা)।
- চ) ঋণ বিতরণে অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, প্রকাশ্যে ঋণ বিতরণ এবং খেলাপী ঋণ আদায়ে বিশেষ কর্মসূচী ও দ্বি-পাক্ষিক আলোচনা সভার আয়োজন করতে হবে। নাগরিক অডিট পদ্ধতি নিয়মাচরন পালিত হচ্ছে কি-না তা নিয়মিত পর্যবেক্ষনে রাখতে হবে (কার্যকরণে-অঞ্চলভিত্তিক দায়িত্বের প্রমোটরগণ)।
- ছ) ই-টেভার, ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ এবং ভিডিও কনফারেন্স মাধ্যমে শাখা ও অঞ্চল পর্যায়ের কার্যক্রম নিয়মিত মনিটরিং করার কার্যকর ব্যবস্থা গ্রহন করতে হবে। (কার্যকরনে জনাব এস এম শাহনেওয়াজ, সহকারী প্রকৌশলী)।
- জ) অত্র কার্যালয় কর্তৃক প্রদেয় সেবার বিবরণ ও সেবাহীতার মতামতসংশ্লিষ্ট রেজিষ্টার পরিপালন করতে হবে। বিভাগাধীন শাখা/ আঞ্চলিক কার্যালয়সমূহ যথানিয়মে পরিদর্শন এবং পরিদর্শন প্রতিবেদনে প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন করতে হবে(কার্যকরনে-জনাব শফিকুর রহমান, স্টাফ অফিসার/মু.ক.)
- ঝ) অত্র কার্যালয়ের নথিসমূহ যথাযথভাবে শ্রেণীবিন্যাস করে রেজিষ্টার সংরক্ষন করতে হবে এবং ব্যাংকের পরিপত্র মোতাবেক নথি বিনষ্ট করে তার ছবি সংরক্ষন করতে হবে(কার্যকরনে জনাব শাহানারা বেগম, কর্মকর্তা)।
- ঞ) শাখাসমূহ যেন হিসাবায়ন পদ্ধতি সঠিকভাবে অনুসরণ করে এবং লক্ষ্যমাত্রা অর্জনে নির্ভুল তথ্য প্রদান করে তা যাচাই করে বিভাগের তথ্যাদি শুদ্ধভাবে সংরক্ষন করতে ও প্রধান কার্যালয়ে প্রেরন করতে হবে (কার্যকরনে-ফোকাল পয়েন্ট কর্মকর্তা)
- ০৪। অতঃপর ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।


মোঃ মোশাররাফ হোসেন
মহাব্যবস্থাপক(অতিঃ দায়িত্বে)
সভাপতি
শুদ্ধাচার নৈতিকতা কমিটি, বিকাঃ, ফরিদপুর







বিকেবি/বি/ক/ফরিদ/প্রশঃ ২৬(শুদ্ধাচার)/২০২০-২০২১/ ১২৬ (১০৫)
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

তারিখঃ ৩০-০৯-২০২০ খ্রীঃ

- ০১। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিনিকা, ফরিদপুর।
০৩। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, ফরিদপুর বিভাগ।
০৪। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, ফরিদপুর বিভাগ।

F:\Sudhachar purosar.docx17

বিকেবি, বিভাগীয় কার্যালয়, ফরিদপুরের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সদস্যদের উপস্থিতি
সভার তারিখঃ ৩০.০৯.২০২০ খ্রীঃ

ক্র	কর্মকর্তাগণের নামও পদবী	শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির পদমর্যাদা	উপস্থিতির স্বাক্ষর
১	জনাব মোঃ মোশাররাফ হোসেন, মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্বে)	সভাপতি	
২	জনাব মোঃ মেহেদী হাসান সহকারী মহাব্যবস্থাপক (উমব্য. এর দায়িত্বে)	সদস্য	
৩	জনাব উত্তম কুমার মজুমদার উর্ধতন মুখ্য কর্মকর্তা	সদস্য	
৪	জনাব মোঃ জুবায়ের আলম উর্ধতন মুখ্য কর্মকর্তা	সদস্য	
৫	জনাব মোঃ শফিকুর রহমান মুখ্য কর্মকর্তা (স্টাফ অফিসার)	সদস্য	
৬	জনাব মোঃ শাহনেওয়াজ সহকারী প্রকৌশলী	সদস্য	

১০/০৯/২০২০ গণিত বিভাগ প্রধান-শ্রী অক্ষয় কুমার (সিআই)

SL. Region/Branch	Date	Target	ACD#1		ACD#2		CMSME#01/2020		Mujib Year SP Loan			
			Loan Disbursement Number	Disbursement Amount	Loan Disbursement Number	Disbursement Amount	Target	Disbursement Number	Disbursement Amount	Target	Loan Disbursement Number	Disbursement Amount
1 FARIDPUR	30.09.2020	183700000	877	167935000	636	53700000	40000000	55	19265000	67000000	666	56647000
2 GOPALGANJ	30.09.2020	147300000	582	123387000	782	85108500	20000000	47	12725000	54000000	311	27755000
3 MADARIPUR	30.09.2020	166500000	889	159613000	1542	134854600	10000000	26	9072000	40000000	334	29850000
4 RAJBARI	30.09.2020	131000000	662	115434000	144	12864500	21000000	42	13500000	32000000	295	26234000
5 SHARIATPUR	30.09.2020	121500000	756	114654400	382	29862500	9000000	14	3750000	47000000	360	29410000
Grand Total		750000000	3766	681023400	3486	316390100	100000000	184	58312000	240000000	1966	169896000

বিজ্ঞানের তারিখ	শাখা	শাক্ষাতি	অর্জন	হার
১১.১২.২০২০	ACD-01	৭৫.০০	৬৮.১০	৯১%
১০.০৬.২০২১	ACD-02	-	১১.৬৪	
১০.১০.২০২০	CMSME	১০.০০	৫.৮৩	৫৮%
১০.০৯.২০২১	Mujib Year	২৪.০০	১৬.৯৯	৭১%

১) অংশীজনের অংশ গ্রহণে সভার কার্যবিবরণী

২) প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন/ ঋণ আদায়, ফিটন, অ্যামানত সংগ্রহ, বৈদেশিক রেমিট্যান্স ও মুজিব ৫৫ উন্নয়ন-সিদ্ধান্ত ঋণ বিতরণ কার্যক্রম

বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।

ভিডিও কনফারেন্স এর মাধ্যমে ফরিদপুর বিভাগের
মহাব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকগণের পর্যালোচনা সভার কার্যবিবরণী।

অদ্য ১১.০৬.২০২০ ইং তারিখ বৃহস্পতিবার সকাল ১১.৩০ ঘটিকায় ফরিদপুর বিভাগের মহাব্যবস্থাপক ও বিভাগাধীন মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকগণের সাথে ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়। ফরিদপুর বিভাগের মহাব্যবস্থাপক এর সভাপতিত্বে ২০১৯-২০ অর্থবছরের ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জন ও দেশব্যাপি কোভিড-১৯ এর সংক্রমণের কারণে চলমান সংকটময় পরিস্থিতি মোকাবেলায় করণীয় এবং ঘোষিত বিভিন্ন ঋণ প্রণোদনা প্যাকেজের লক্ষ্যমাত্রা ও অর্জনের বিষয়ে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় স্ব স্ব অঞ্চলের মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকগণ ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনে তাদের গৃহীত পদক্ষেপ নিয়ে বিষদ বিবরণী তুলে ধরেন।


০২। সভাপতি তাঁর বক্তব্যের শুরুতে চলমান পরিস্থিতিতে নিরলসভাবে কাজ করার জন্য সকলকে ধন্যবাদ জানান। আগামী ২৪.০৬.২০২০ ইং তারিখে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অত্র বিভাগের মহাব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকদের সাথে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করবেন। নির্ধারিত তারিখ এই অর্থবছরের একেবারে শেষ সময়ে হওয়ায় মাননীয় উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয় বিগত ১০.০৬.২০২০ ইং তারিখে ভার্সুয়াল কনফারেন্স এর মাধ্যমে প্রাক-দিক নির্দেশনা প্রদান করেছেন। উক্ত দিক-নির্দেশনার আলোকে এই ভিডিও কনফারেন্স এর আয়োজন করা হচ্ছে মর্মে তিনি উল্লেখ করেন।

উক্ত পর্যালোচনা সভায় সভাপতি আলোচনা শেষে নিম্নোক্ত দিক-নির্দেশনা প্রদান করেনঃ

- কোভিড-১৯ এর কারণে বিরাজমান পরিস্থিতিতে সরকার ১ লক্ষ ৩ হাজার ১১৭ কোটি টাকার ঋণ ও বিভিন্ন প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছেন। উক্ত প্যাকেজের মধ্যে কৃষি ব্যাংক এসিডি-১,২ ও সিএমএসএমই খাতে ঋণ প্রদান ছাড়াও বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষে দারিদ্র বিমোচনে বিশেষ ঋণ প্রদানের সুযোগ পেয়েছে। এ সকল খাতের আওতায় ফরিদপুর বিভাগের জন্য প্রাপ্ত লক্ষ্যমাত্রা ইতিমধ্যে মুখ্য আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে শাখা পর্যায়ে ভাগ করে দেওয়া হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।
- ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে সকল WCL-2 ও পূণঃতফসিলকৃত WCL-2 ঋণ সম্পূর্ণ আদায় করতে হবে। নতুন আমানতের হিসাব খোলা, আমানতের স্থিতি ইত্যাদির লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে হবে, এক্ষেত্রে কস্ট অব ফান্ড কমাতে হবে অর্থাৎ কম সুদবাহী ও সুদ বিহীন আমানত সংগ্রহ করতে হবে। অবলোপনকৃত ঋণ আদায় ও ৫২ স্থগিত সুদ শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।
- প্রণোদনা প্যাকেজের আওতায় সরকার ঘোষিত ৪% হার সুদে কৃষি ঋণ, চলতি মূলধন ঋণ, সিএম-এসমই ঋণ প্রদান করতে হবে। এ ব্যাপারে দৃশ্যমান স্থানে ব্যানার, লিফলেট ইত্যাদির মাধ্যমে প্রচারণা চালাতে হবে।
- ২০১৯-২০২০ অর্থবছরে লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক শতভাগ অর্জনের পাশাপাশি শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যে বিআরপিডি সার্কুলার নং ০৫/২০১৯ তারিখ ১৬/০৫/২০১৯ এর আওতায় সকল ঋণ শতভাগ পূনঃতফসিল/এক্সিট সুবিধা প্রদানের লক্ষ্যে ইতিমধ্যে প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয় কর্তৃক ৯৯% সিদ্ধান্ত প্রদান করা হয়েছে, দ্রুত উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
- বৈদেশিক রেমিট্যান্স অর্জনসহ শাখার অন্যান্য আয় উৎসারী কর্মকাণ্ডে সচেষ্ট হতে হবে।

- সর্বোপরি কোভিড-১৯ এর সংক্রমণ হতে নিজেকে, পরিবারকে, সহকর্মী তথা দেশকে মুক্ত রাখতে বিশ্ব স্বাস্থ্য সংস্থা প্রদত্ত স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে শাখার কাজে শতভাগ মনোযোগী হয়ে সকল লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে।

পরিশেষে, সকলের অন্তরিক প্রচেষ্টা ও পারস্পারিক সহযোগিতায় আমরা আমাদের সকল লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হব ইনশাআল্লাহ, এই আশাবাদ ব্যক্ত করে এবং ভিডিও কনফারেন্স এ উপস্থিত সকল অঞ্চল প্রধানকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।



১১/৩/২০
(মোঃ তোফায়েল আহমেদ)
মহাব্যবস্থাপক

নং-বিকেবি,বিকা/পরি-৫০(সম্মেলন)/২০১৯-২০/৬৬৬৭(৩৩০)

তারিখঃ ১১-০৬-২০২০ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিনিকা, ফরিদপুর।
- ০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, ফরিদপুর বিভাগ।
- ০৭। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, ফরিদপুর বিভাগ।
- ০৮। অফিস নথি।


১১-০৬-২০২০
(মোঃ মেহেদী হাসান)
সহকারী মহাব্যবস্থাপক
(উপমহাব্যবস্থাপকের দায়িত্বে)



বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়

কবি জসিমউদ্দিন রোড, দক্ষিণ আলীপুর, ফরিদপুর।

ফোন : ০৬৩১-৬২১৬২

০৬৩১-৬২১৬৩

ফ্যাক্স : ০৬৩১-৬১১০০

বিকেবি/বিকা/ফরিদ/প্রশাঃ২৬(বিবিধ)/২০২০-২০২১/১৫৩ (৫)

তারিখ : ০১-০৯-২০২০ইং

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সকল বিভাগীয় কার্যালয়, মুখ্য আঞ্চলিক
ও আঞ্চলিক কার্যালয়ে নৈতিকতা কমিটি গঠন প্রসংগে।


এত্র কার্যালয়ের শুদ্ধাচার সংক্রান্ত কর্মপরিকল্পনা, মিটিং, প্রতিবেদন প্রেরণ ইত্যাদি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ সমন্বয়ে
বিকেবি, ফরিদপুর বিভাগীয় কার্যালয়ের শুদ্ধাচার নৈতিকতা কমিটি গঠন করা হলোঃ

কমিটির পদবী	নাম ও অফিসিয়াল পদবী	কার্যালয়ের ঠিকানা	মোবাইল নম্বর	ই-মেইল এড্রেস
আহ্বায়ক	জনাব মোঃ তোফায়েল হোসেন, মহাব্যবস্থাপক	বিকেবি, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর	০১৭১৩০১০৪২৮	gmfaridpur@krishibank.org.bd
সদস্য	জনাব মোঃ মেহেদী হাসান সহকারী মহাব্যবস্থাপক (উমব্য. এর দায়িত্বে)	এ	০১৭১৩০৯৯১৯১	mehedibkb2008@gmail.com
সদস্য সচিব (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)	উত্তম কুমার মজুমদার, উর্ধতন মুখ্য কর্মকর্তা	এ	০১৭৩৬-৪৪৪৪৫১	uttamkumer1963@gmail.com
সদস্য	জনাব মোঃ জুবায়ের আলম উর্ধতন মুখ্য কর্মকর্তা	এ	০১৯১১৮৯৮৪২৬	jubair26ce@gmail.com
সদস্য	জনাব মুহাম্মদ শফিকুর রহমান, মুখ্য কর্মকর্তা	এ	০১৭১৬৩৬৭২৩৯	muhammadshafiqurrahman832@ gmail.com
সদস্য	জনাব মোঃ শাহনেওয়াজ, সহকারী প্রকৌশলী	এ	০১৭১৯০১৯৯৯৮	smshovon55@gmail.com

নৈতিকতা কমিটির কার্যপরিধিঃ

- ০১। বাংলাদেশ কৃষি ব্যাংক, ফরিদপুর বিভাগের সকল পর্যায়ের কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য ও অন্তরায় চহিতকরণ।
- ০২। পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষন।
- ০৩। কর্মপরিকল্পনা বাস্তবায়নে দায়িত্ব কাদের উপর ন্যস্ত থাকবে তা নির্ধারন এবং
- ০৪। স্ব স্ব কর্মপরিকল্পনা ও নিয়মিতভাবে ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন আপলোড করণ।
এছাড়া, প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক অন্যান্য কর্মপরিকল্পনা কার্যকর করার ব্যবস্থা গ্রহন।

সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ


০১/০৯/২০
(মোঃ তোফায়েল আহমেদ)
মহাব্যবস্থাপক

ও

আহ্বায়ক,

বিকেবি, ফরিদপুর বিভাগীয় নৈতিকতা কমিটি

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১ ও ২ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। নথি।